যুগান্তর

তারিখ ........26 APR 2017
পৃষ্ঠা ...6... কলাম ...8...

সিলেটে স্কুলে 'বোমা'

# নিরাপদে বের করে আনা হল শিক্ষার্থীদের

**সিলেট ব্যুরো**

**বস্তুটি নিষ্ক্রিয় করতে পৌঁছেছেন ঢাকার বিশেষজ্ঞরা**

সিলেট নগরীর শাহী ঈদগাহ এলাকায় স্কলার্স হোম স্কুল অ্যান্ড কলেজের সিঁড়ির পাশে মঙ্গলবার দুপুর ১২টার দিকে বোমাসদৃশ বস্তু চোখে পড়ে। এর ফলে শিক্ষার্থী-শিক্ষক-কর্মচারীদের মধ্যে আতঙ্ক ছড়িয়ে পড়ে। খবর পেয়ে র‌্যাব ও পুলিশ সদস্যরা 'স্কলার্স' হোমে পৌঁছে শিক্ষার্থীসহ সবাইকে উদ্ধার করে এবং এলাকাটি ঘিরে রাখে। বস্তুটি নিষ্ক্রিয় করতে ঢাকার বিশেষজ্ঞ টিমের সহযোগিতা চাওয়া হয়। ঢাকা থেকে র‌্যাবের বিশেষজ্ঞ টিম সন্ধ্যার পর সিলেট পৌঁছেছে। রাতে 'বোমা' নিষ্ক্রিয় করা হবে না বলে জানিয়েছেন কর্মকর্তারা। স্কুলের কয়েকজন শিক্ষার্থী জানায়, সিঁড়ির পাশে বোমাসদৃশ বস্তু চোখে পড়ার পর আতঙ্কে হুড়োহুড়ি, দৌড়ঝাঁপ শুরু করেন শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা, কর্মচারীরা। খবর পেয়ে পুলিশ ও র‌্যাব এসে শিক্ষার্থীসহ ভবনে থাকা সবাইকে নিরাপদে উদ্ধার করে। প্রতিষ্ঠানটির মালিক সিলেট-৫ আসনের আওয়ামী লীগের সাবেক এমপি হাফিজ আহমদ মজুমদারের।

স্কলার্স হোম স্কুল অ্যান্ড কলেজ শাহী ঈদগাহ ক্যাম্পাসের অধ্যক্ষ ব্রিগেডিয়ার জেনারেল (অব.) জুবায়ের সিদ্দিকী যুগান্তরকে বলেন, 'আমাদের প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের তল্লাশি করে ক্লাসে ঢুকানো হয়। তা ছাড়া নিরাপত্তা প্রহরী; সিসি ক্যামেরাও রয়েছে। তাই বহিরাগত কেউ নাকি প্রতিষ্ঠানের কেউ এটা করল তা খতিয়ে দেখা হচ্ছে। সন্দেহের বাইরে কাউকে রাখা যাচ্ছে না।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং...............................
তারিখ...............................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর